



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৭৩

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩৮

১৯ জুলাই ২০২১

বিষয়: করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠানের কর্মকর্তা/ শিক্ষক/ কর্মচারীগণের জন্য নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থা এবং সরকারি/ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণকে মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ জুলাই, ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ নং স্মারকের নির্দেশনা অনুসরণসহ নিম্নরূপ দায়িত্ব পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) চলমান বিধি নিষেধকালীন এবং আসন্ন ঈদ-উল-আযহা'র ছুটিতে সকল কর্মকর্তা/ শিক্ষক/ কর্মচারীগণ দার্বক্ষনিক নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন। বিষয়টি সকল দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান -এর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিশ্চিত করবেন;
- (খ) করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে এ বিভাগের আওতাধীন বিভাগ/ জেলা/ উপজেলা পর্যায়ে দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট বিভাগ/ জেলা/ উপজেলা প্রশাসনের চাহিদা মোতাবেক সম্পূর্ণ থেকে সহযোগিতা প্রদান করবেন;
- (গ) সম্মানিত শিক্ষকগণ অনলাইন/ ভার্চুয়াল ক্লাসের শুরুতে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের সদস্যগণকে কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি অনুসরণসহ সরকার কর্তৃক ঘোষিত বিধি নিষেধ মেনে চলার অনুরোধ জানাবেন।

১৯-৭-২০২১

মোঃ নজরুল ইসলাম

উপসচিব

ফোন: ৯৫৪৯১৩০

ইমেইল:

sas_admin1@moedu.gov.bd

বিতরণ :

- ১) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) দপ্তর/ সংস্থার প্রধানগণ (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৭৩/১(১১)

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩৮

১৯ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)
- ২) মাননীয় অধীক্ষক/সচিব শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয় ঢাকা।